(0)

আল-কোরআনের দোরা



Engineer Mohammad Monirul Islam

দোয়া

🕽 । সুরা আল-আ'রাফ আয়াত ২৩।

অর্থঃ হে আমাদের রব ! আমরা নিজেদের প্রতি যুলুম করেছি। আর আপনি যদি আমাদেরকে ক্ষমা ও দয়া না করেন, তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তভুক্ত হব।

২। সুরা আল-বাকারাহ আয়াত ২০১।

অর্থঃ হে আমাদের রব, আমাদেরকে দুনিয়াতে কল্যান দিন। আর আখিরাতেও কল্যাণ দিন এবং আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করুন।

৩। সুরা বানী ঈসরাইল আয়াত ২৪।

অর্থঃ হে আমাদের রব, তাদের (বাব-মা) প্রতি দয়া করুন যেভাবে শৈশবে তারা আমাকে লালন পালন করেছেন।

৪। সুরা আল-ফুরক্কান আয়াত ৭৪।

অর্থঃ হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন যারা আমাদের চক্ষু শীতল করবে। আর আপনি আমাদেরকে মুন্তাকীদের ঈমাম বানিয়ে দিন। ৫। সুরা আলে ইমরান আয়াত ৮।

رَبَّنَا لَاتُزِغْ قُلُوْبَنَا بَعْنَ إِذْ هَنَ يُتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّانُ اَكُ رَحْهَةً عَ اِتَّكَ اَنْتَ الْوَهَّابُ ﴿

অর্থঃ হে আমাদের রব, আপনি হেদায়েত দেয়ার পর আমাদের অন্তরসমুহ বক্র করবেন না এবং আপনার পক্ষ থেকে আমাদেরকে রহমত দান করুন। নিশ্চই আপনি মহাদাতা।

৬। সুরা আলে ইমরান আয়াত ১৬।

অর্থঃ হে আমাদের রব, নিশ্চই আমরা ঈমান আনলাম। অতএব, আমাদের পাপসমুহ ক্ষমা করুন এবং আমাদেরকে আগুনের আয়াব থেকে রক্ষা করুন।

৭। সুরা ইব্রাহীম আয়াত ৪০-৪১।

অর্থঃ হে আমাদের রব, আমাকে সলাত কায়েমকারী বানান এবং আমার বংশধরদের মধ্য থেকেও, হে আমাদের রব, আর আমার দোয়া কবূল করুন (৪০)। হে আমাদের রব, যেদিন হিসাব কায়েম হবে, সেদিন আপনি আমাকে, আমার পিতামাতাকে ও মুমিনদেরকে ক্ষমা করে দিবেন (৪১)।

৮। সুরা ত্ব-হা আয়াত ২৫ থেকে ২৮।

رَبِّ اشْرَحُ لِي صَوْرِي هُوَ يَسِّرُ لِي آَمْرِي هُوَ اَحْلُلُ عُقْدَةً مِّنْ لِسَانِي هُ يَغْقَمُواْ قَوْلِي هُ

অর্থঃ হে আমার রব, আমার বুক প্রশস্ত করে দিন (২৫) এবং আমার কাজ সহজ করে দিন (২৬) আর আমার জিহবার জড়তা দূর করে দিন (২৭), যাতে তারা আমার কথা বুঝতে পারে (২৮)।

৯। সুরা ত্ব-হা আয়াত ১১৪।

অর্থঃ হে আমার রব, আমার জ্ঞান বৃদ্ধি করে দিন।

১০। সুরা আল-আম্বিয়া আয়াত ৮৭।

অর্থঃ আপনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই। আপনি পবিত্র মহান। নিশ্চই আমি ছিলাম যালিম।

১১। সুরা নুহ আয়াত ২৮।

অর্থঃ হে আমার রব, আপনি ক্ষমা করুন আমাকে, আমার পিতা-মাতাকে যারা মুমিন হয়ে আমার ঘরে প্রবেশ করে তাদেরকে এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে; আর যালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি করুন। ১২। সুরা আল-ফাতিহা আয়াত ৬।

اَللُّهُمَّ اللَّهُمَّ الْمُدِنَا الصِّرَاطَ المُسْتَقِيمَ

অর্থঃ হে আল্লাহ, আমাদেরকে সরল পথের হিদায়াত দিন।

১৩। সুরা আল-বাকারাহ আয়াত ২৮৬ এর অংশ বিশেষ।

অর্থঃ হে আমাদের রব, আমরা যদি ভুলে যাই, অথবা ভুল করি তাহলে আপনি আমাদেরকে পাকড়াও করবেন না। হে আমাদের রব, আমাদের উপর বোঝা চাপিয়ে দেবেন না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে দিয়েছেন। হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন কিছু বহন করাবেন না, যার সামর্থ্য আমাদের নেই। আর আপনি আমাদের পাপ মোচন করুন, আমাদের ক্ষমা করুন, আমাদের প্রতি দয়া করুন, আপনি আমাদের অভিভাবক। অতএব কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।

১৪। সুরা আলে-ইমরান আয়াত ১৯১-১৯২।

رَبَّنَا مَا خَلَقْتَ هٰنَا بَاطِلًا سُبُحٰنَكَ فَقِنَا عَنَابَ النَّارِ ﴿ وَمَا لِلظَّلِمِينَ مِنْ اَنْعَلِ ﴿ وَمَا لِلظَّلِمِينَ مِنْ اَنْعَلِ ﴿ وَمَا لِلظَّلِمِينَ مِنْ اَنْعَلِ ﴿ وَمَا لِلظَّلِمِينَ مِنْ اَنْعَلٍ ﴿

অর্থঃ হে আমাদের রব, তুমি এসব অনর্থক সৃষ্টি করনি। তুমি পবিত্র মহান। সুতরাং তুমি আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা করো (১৯১)। হে আমাদের রব, নিশ্চই তুমি যাকে আগুনে প্রবেশ করাবে, অবশ্যই তুমি তাকে অপমান করবে। আর যালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।

১৫। সুরা আলে-ইমরান আয়াত ১৯৩।

رَبُّنَا إِنَّنَا سَهِعْنَا مُنَادِيًا يُنَادِي لِلْإِيْهَانِ أَنْ أَمِنُوا بِرَبِّكُمْ فَأَمَنَّا اللهِ وَبَا إِنَّنَا اللهِ عَنَا مَنَا وَكُوْرُ عَنَّا سَيِّاتِنَا وَتَوَقَّنَا مَعَ الْأَبْرَارِ ﴿

অর্থঃ হে আমাদের রব, নিশ্চই আমরা শুনেছিলাম একজন আহ্বানকারীকে, যে ঈমানের দিকে আহ্বান করে যে, তোমরা তোমাদের রবের প্রতি ঈমান আন। তাই আমরা ঈমান এনেছি। হে আমাদের রব, আমাদের গুনাসমুহ ক্ষমা করুন, আমাদের মন্দ কাজগুলো দূরীভূত করুন এবং আমাদেরকে সৎকর্মপরায়ণদের সহগামী করে মৃত্যু দিন।

১৬। সুরা আলে-ইমরান আয়াত ১৯৪।

رَبِّنَا وَ الْتِنَا مَا وَ عَنْ تَّنَا عَلَى رُسُلِكَ وَ لَاتَخُونَا يَوْمُ الْقِيْمَةِ وَاتَّكَ لَاتُخُلِفُ الْمِيْعَادَ ﴿ لَا تُخُونَا يَوْمُ الْقِيْمَةِ وَاتَّكَ لَا تُخُلِفُ الْمِيْعَادَ ﴿

অর্থঃ হে আমাদের রব, আপনার রসুলগণের মাধ্যমে যা দিতে ওয়াদা করেছেন তা আমাদেরকে প্রদান করুন এবং কেয়ামতের দিন আপনি আমাদেরকে অপমান করবেন না। নিশ্চই আপনি অঙ্গীকার ভঙ্গ করেন না।

১৭। সুরা আল-বাকারাহ আয়াত ১২৭ ও ১২৮ এর অংশবিশেষ।

অর্থঃ হে আমাদের রব, আমাদের পক্ষ থেকে কবূল করুন। নিশ্চই আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী। এবং আমাদেরকে ক্ষমা করুন। নিশ্চই আপনি ক্ষমাশীল, পরম দয়ালু।